# এইচ এস সি ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

**ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা: প্রথম পত্র** বিষয় কোড : | ২ | ৭ | ৭ |

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট সৃজনশীল প্রশ্ন পূর্ণমান— ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১.▶জনাব শামীম ও তার তিন বন্ধু মিলে কুড়িগ্রামে একটি ব্যবসায় স্থাপন করেন। এলাকার বেশিরভাগ লোকই দরিদ্র পীড়িত। এ প্রতিষ্ঠানের অন্যতম উদ্দেশ্য হলো তাদের বিশেষ সামাজিক, নৈতিক ও পরিবেশগত উদ্দেশ্য বাস্তবায়ন করা। চার বন্ধুর অক্লান্ত পরিশ্রমের ফলে প্রতিষ্ঠানটি ব্যাপক সাফল্য লাভ করে প্রচুর মুনাফা অর্জন করেছে। ব্যবসায়ের অর্জিত মুনাফা থেকে সদস্যদের বিনিয়োগকৃত মূলধন ফেরত দেয় এবং অবশিষ্ট মুনাফা প্রতিষ্ঠানের উন্নয়নে ব্যয় করা হয়। ফলে প্রতিষ্ঠানের কর্মীরা আনন্দমুখর পরিবেশের মধ্য দিয়ে কাজ করে যাচ্ছে।

ক. প্রত্যক্ষ সেবা কী? ১

খ. বাণিজ্য কীভাবে ব্যবসায়ের ঝুঁকিগত প্রতিবন্ধকতা দূর করে? ২

গ. জনাব শামীমদের প্রতিষ্ঠিত ব্যবসায়টি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে করো শামীমদের প্রতিষ্ঠিত ব্যবসায়টি দেশের দরিদ্রতা দূরীকরণে অবদান রাখতে সক্ষম যুক্তসহ বর্ণনা করো। ৪

২.▶টাঙ্গাইলের মিসেস তাসলিমা একজন উচ্চ শিক্ষিত মহিলা হয়েও চাকরির পিছনে না ঘুরে তার বৃদ্ধ পিতার দীর্ঘদিনের সফল খ্যাতিসম্পন্ন ব্যবসায় প্রতিষ্ঠান 'টাঙ্গাইল শাড়ি বিতান' পরিচালনার দায়িত্ব গ্রহণ করে। পূর্বে উক্ত প্রতিষ্ঠানের পণ্যের ব্যাপক চাহিদা থাকলেও ভোক্তার রুচিমাফিক আধুনিক মানের পণ্য সরবরাহ করতে না পারায় প্রতিষ্ঠানটি ব্যাপক সমস্যার সম্মুখীন হয়। এ সমস্যা থেকে বের হয়ে আসার জন্য তিনি কর্মীদের সাথে আলাপ-আলোচনা করে বিভিন্ন ধরনের গবেষণার মাধ্যমে প্রতিষ্ঠানটিকে আধুনিকরণের জন্য কর্মীদের পরামর্শ দেন।

ক. ট্রেড কী? ১

খ. ব্যবসায় পরিবেশ বলতে কী বোঝায়? ২

গ. পরিবেশের কোন উপাদানের প্রভাবে মিসেস তাসলিমা চাকরি না করে ব্যবসায়কে বেছে নিলেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটির বর্তমান সমস্যা উত্তরণে কী করণীয় বলে তুমি মনে করো? যুক্তিসহ ব্যাখ্যা করো। ৪

৩.▶জনাব করিম ও তার দুই বন্ধু মিলে সমঝোতার ভিত্তিতে ও মুনাফা ভাগাভাগির উদ্দেশ্যে 'সমতা প্রিন্টিং প্রেস' নামে একটি ব্যবসায় প্রতিষ্ঠান গড়ে তোলেন। সর্বসম্মতিক্রমে মি. করিম ব্যবসায় পরিচালনায় অংশগ্রহণ করেন এবং বাৎসরিক ১ লক্ষ টাকা বেতন গ্রহণ করেন। কিন্তু কোনো মূলধন সরবরাহ করেন না। কয়েক বছরের মধ্যে প্রতিষ্ঠানটি আশানুরূপ মুনাফা অর্জন করায় সফলতার সাথে চলতে থাকে। কিন্তু হঠাৎ করিম অসুস্থ হয়ে পড়লে সে আর ব্যবসায় চালিয়ে যেতে পারবে না বলে জানান।

ক. অংশীদারি চুক্তিপত্র কী? ১

খ. অংশীদারি ব্যবসায়ের নিবন্ধন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত জনাব করিম কোন ধরনের অংশীদার? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত 'সমতা প্রিন্টিং' প্রেসের পরিণতি কী হতে পারে? মতামত দাও। ৪

৪.▶ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০০৮ শিক্ষাবর্ষের মার্কেটিং বিভাগের ৩০ জন বন্ধু একত্রিত হয়ে 'অনিমা নকশিকাঁথা লি.' নামে একটি প্রতিষ্ঠান গড়ে তোলেন। প্রতিষ্ঠানের বিবরণসহ প্রয়োজনীয় যাবতীয় কাগজপত্র জমা দিয়ে রেজিস্টার অব জয়েন্ট স্টক কোং থেকে নিবন্ধন পাওয়ার সাথে সাথেই কোম্পানিটি উৎপাদনে যায় এবং উৎপাদিত পণ্য বিদেশে রপ্তানি করে। ব্যাপক সুনামের সাথে তারা তাদের পণ্য বিদেশে রপ্তানি

Teachingbd.com

করেছিলেন। প্রচুর চাহিদা সৃষ্টি হওয়া সত্ত্বেও তাদের কিছু সীমাবদ্ধতার কারণে চাহিদা মতো পণ্য রপ্তানি করতে পারছিলেন না। এজন্য তারা বর্তমানে অধিক মূলধন সংগ্রহ, শেয়ার হস্তান্তর সুবিধা সম্বলিত প্রতিষ্ঠানে রূপান্তর করার সিদ্ধান্ত নিলেন।

ক. শেয়ার কী? ১

খ. বিবরণ পত্র বলতে কী বোঝায়? ২

গ. প্রথম পর্যায়ের 'অনিমা নকশিকাঁথা লি.' এর সাংগঠনিক ধরন ব্যাখা করো। ৩

ঘ. অনিমা নকশিকাঁথা লি. প্রতিষ্ঠানটির পরিবর্তন প্রয়োজন কিনা? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৫. ▶ তোমার এলাকার ১০০ জন কৃষক পণ্য উৎপাদন, ক্রয় ও বিক্রয়ের উদ্দেশ্যে 'সততা' নামের একটি সমবায় সমিতি গঠন করে। সমিতিতে তাদের প্রত্যেকের শেয়ার সমান। ২০১৫ সালে উক্ত সমিতি ১০ লক্ষ টাকা মুনাফা অর্জন করে। সমবায় আইন অনুযায়ী তারা অর্জিত মুনাফা নিজেদের মধ্যে বণ্টন করে।

ক. সমবায় সমিতির উপবিধি কী? ১

খ. সমবায় সমিতির সাম্যের নীতিটি ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত সংগঠনটি কোন প্রকারের সমবায় সমিতি? ব্যাখ্যা করো। ৩

ঘ. সততা সমিতির প্রত্যেক সদস্যের প্রাপ্ত মুনাফা নির্ণয় করো। ৪

৬. ▶ 'X' বাংলাদেশের একটি অনুন্নত অঞ্চল। অবকাঠামোগত অন্যান্য অসুবিধার জন্য ঐ অঞ্চলে উল্লেখ করার মতো কোনো মিলকারখানা গড়ে ওঠেনি। তাই শুধু মুনাফার কথা না ভেবে দেশের সুষম উন্নয়নের জন্য 'X' অঞ্চলে মিল কারখানা গড়ে তোলার বিশেষ পরিকল্পনা গ্রহণ করা হয়।

ক. রেলওয়ে কয়টি জোনে বিভক্ত? ১

খ. একচেটিয়া ব্যবসায় রোধে রাষ্ট্রীয় ব্যবসায়ের ভূমিকা ব্যাখ্যা করো। ২

গ. মালিকানার ভিত্তিতে 'X' অঞ্চলে কোন ধরনের ব্যবসায় সংগঠন উপযোগী? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'X' অঞ্চলে পরিকল্পিত ব্যবসায় প্রতিষ্ঠানের মুখ্য উদ্দেশ্যই হবে জনকল্যাণ — উদ্দীপকের আলোকে ব্যাখ্যা করো। ৪

৭. ▶ জনাব আহাম্মেদ আলী একটি কারখানা স্থাপনের জন্য সুবিধাজনক জমি খুঁজছিলেন। কিন্তু বিভিন্ন স্থানে জমি পাওয়া গেলেও গ্যাস, বিদ্যুৎ, পানি প্রভৃতির সুবিধা ছিল না। অবশেষে বিসিক শিল্পনগরীতে এসব সুবিধাসহ একটি প্লট পান। ফলে কারখানা স্থাপন তার জন্য সহজ হয়। তার প্রতিষ্ঠানে উৎপাদিত পণ্যের মান ভালো হলেও তিনি ক্রেতাদের আস্থা অর্জন করতে পারছেন না। পার্শ্ববর্তী অন্য আর একটি কারখানা বিসিক, এস এম ই ফাউন্ডেশন ও মাইডাস থেকে কর্মী প্রশিক্ষণ এবং ঋণ সহায়তা গ্রহণ করে গ্রাহকদের আরও বেশি হারে সন্তুষ্ট করতে সক্ষম হচ্ছে।

ক. বিমা কী? ১

খ. পরিবেশ সংরক্ষণ বলতে কী বোঝায়? ২

গ. জনাব আহাম্মেদ আলী কোন প্রকারের সহায়ক সেবা গ্রহণ করছিলেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. প্রাতিষ্ঠানিক সহায়তা গ্রহণের মাধ্যমে জনাব আহাম্মেদ আলী ক্রেতাদের আস্থা অর্জন করতে পারবেন। তুমি কি এ কথার সাথে একমত? ৪

৮. ▶ নলসিটির সৌরব মিয়া একজন মোটর মেকানিক ছিলেন। দীর্ঘ বছর এ কাজ করতে গিয়ে তিনি গাড়ির যন্ত্রপাতি সম্পর্কে অনেক দক্ষতা ও জ্ঞান অর্জন করেন। তিনি দেশীয় পদ্ধতিতে গাড়ির ব্রেক সু তৈরির সিদ্ধান্ত নিলেন। এসব যন্ত্রপাতি বিদেশ থেকে আনতে গিয়ে প্রচুর বৈদেশিক মুদ্রা খরচ হয়। তিনি প্রাথমিক অবস্থায় ব্যাপক অর্থ সংকট ও

teachingbd.com

বাধার সম্মুখীন হলেও একসময় তার জীবনে সাফল্য বয়ে আসে। তার উদ্ভাবিত নতুন ও স্বতন্ত্র এ মেশিনের জন্য সরকার থেকে পুরস্কার লাভ করেন এবং 'শাপলা ব্রেক' ট্রেডিং নামের অনুমোদন নিয়ে সিলমোহরকরণ করেন। তার এ সাফল্য দেখে নবাবপুরের সিরাজ মিয়া 'শাপলা ব্রেক' ট্রেডিং-এর ফরমুলা ব্যবহার করে বাজারে পণ্য ছাড়ে যা সৌরব মিয়ার ব্যবসায়কে ক্ষতিগ্রস্ত করে এবং তিনি আদালতের আশ্রয় নেন।

ক. ISO কী? ১

খ. BSTI-এর কাজ কী? ব্যাখ্যা করো। ২

গ. সৌরব মিয়ার 'শাপলা ব্রেক ট্রেডিং'-এর কর্মকাণ্ড কোন আইনগত দিকের সাথে সম্পর্কিত? বর্ণনা করো। ৩

ঘ. শাপলা ব্রেক ট্রেডিং কর্তৃক জনাব সিরাজের বিরুদ্ধে আইনগত ব্যবস্থাপনার যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

৯. ▶ মি. রিয়াজ বুড়িগঙ্গা নদীর তীরে 'সূচনা অয়েল কোং' নামে একটি কারখানা স্থাপন করেন। তিনি ব্যবসায়ের পাশাপাশি সমাজ সেবামূলক কর্মকাণ্ডেও জড়িত। তার কারখানার বর্জ্য তিনি সরাসরি নদীতে না ফেলে বিশুদ্ধকরণের মাধ্যমে এর ব্যবস্থা করেন। পাশাপাশি নদীর তীরে অবস্থিত 'কর্ণফুলী ব্রিকস' নামে আর একটি ইট ভাটা থেকে নির্গত কালো ধোয়া পুরো এলাকাকে দূষিত করছে। এলাকাবাসী বিষয়টি জেলা বণিক সমিতির দৃষ্টি আকর্ষণ করেও লাভবান হয়নি। ফলে এলাকার শিশু বৃদ্ধসহ সকলেই স্বাস্থ্য ঝুঁকির মধ্যে রয়েছে।

ক. ব্যবসায় মূল্যবোধ কী? ১

খ. খাদ্য সংরক্ষণে রাসায়নিক ব্যবহারের ক্ষতিকারক দিক উল্লেখ করো। ২

গ. মি. রিয়াজ সমাজের কোন শ্রেণির প্রতি তার দায়িত্ব পালন করছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. কর্ণফুলী ব্রিকস কর্তৃক পরিবেশের এমন দূরবস্থা সৃষ্টিতে জেলা বণিক সমিতির কী করণীয় বলে তুমি মনে করো? উদ্দীপকের আলোকে উত্তর দাও। ৪

১০. ▶ ফাহিম একজন পদস্থ সরকারি চাকরিজীবী। দীর্ঘদিন কর্ণফুলী ব্যাংকের সাথে সুনামের সাথে লেনদেন করে আসছে। ব্যাংক তাকে এমন এক ধরনের কার্ড সরবরাহ করে যাতে সে তার জমাকৃত অর্থের অতিরিক্ত ৫০,০০০ টাকা পর্যন্ত ব্যবহার করতে পারে। ১ মার্চ ২০১৬ তারিখে দোকানে কার্ড ব্যবহার করে পণ্য ক্রয় করতে চাইলে দোকানদার তাকে জানায় পণ্যমূল্য ১ লক্ষ টাকা। তাকে ৫,০০০ টাকা নগদ পরিশোধ করতে হবে।

ক. ICT কী? ১

খ. ই-মার্কেটিং বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লেখিত কার্ডটি কী? ব্যাখ্যা করো। ৩

ঘ. ১ মার্চ, ২০১৬ তারিখে তার জমার স্থিতি কত ছিল? ব্যাখ্যা করো। ৪

১১. ▶ মমিনুল হক বর্তমানে স্কাই রিয়েল এস্টেট প্রতিষ্ঠানটির মালিক। ৩০ বছর আগে মমিনুল হক বুঝতে পেরেছিলেন ঢাকার আশপাশের জমির দাম বাড়বে। তাই তিনি ব্যাংক ঋণের মাধ্যমে অর্থ নিয়ে সাভারে ৫০ একর জমি ক্রয় করে রেখেছিলেন। বর্তমানে তার প্রতিষ্ঠানটি দেশের অন্যতম শীর্ষস্থানীয় একটি রিয়েল এস্টেট প্রতিষ্ঠান।

ক. সাপটা কী? ১

খ. 'সফল উদ্যোক্তা একজন ভালো নেতা'- ব্যাখ্যা করো। ২

গ. স্কাই রিয়েল এস্টেট গড়ে ওঠার ক্ষেত্রে অনুকূল পরিবেশের কোন উপাদানটির ভূমিকা সর্বাধিক? ব্যাখ্যা করো। ৩

ঘ. কোন গুণটির আলোকে মমিনুল হক সফল উদ্যোক্তা হয়েছেন? তোমার মতামত দাও। ৪

http://teachingbd.com

সময়— ৩০ মিনিট পূর্ণমান— ৩০ ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা-প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা বিষয় কোড : ২ ৭ ৭

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. ব্যবসায়ের সাথে জড়িত পণ্য বা সেবার কী থাকতে হবে?**
ক) বিক্রয়ের নিশ্চয়তা খ) আর্থিক মূল্য
গ) মুনাফা ঘ) হস্তান্তরযোগ্যতা

**২. দেশের সর্বোচ্চ পর্যায়ের সমবায় প্রতিষ্ঠান কোনটি?**
ক) কেন্দ্রীয় খ) বহুমুখী
গ) জাতীয় ঘ) মিশ্র

**৩. ব্যবসায় প্রতিষ্ঠানকে মেনে চলতে হয়—**
i. নৈতিকতা
ii. সামাজিক দায়বদ্ধতা
iii. মুনাফা অর্জনের উচ্চাকাঙ্ক্ষা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও।**
অনিক সাহেব অনলাইনে একটি ল্যাপটপের ছবি দেখে সেটি কিনতে আগ্রহী হয়। সে দেখল যে ল্যাপটপের দাম তার চাহিদার অনুকূলে। তাই সে ল্যাপটপটি কিনল।

**৪. অনিক সাহেব যেখানে ল্যাপটপের ছবি দেখল, তাকে কী বলে?**
ক) অনলাইন ডিজাইন
খ) অনলাইন ক্যাটালগ
গ) কম্পিউটার ক্যাটালগ
ঘ) কম্পিউটার ডিভাইস

**৫. অনিক সাহেবের ব্যবহৃত ওয়েব ডিজাইন করার ক্ষেত্রে বিবেচনা করতে হয়—**
i. নিরাপত্তা ও সর্বজনীনতা
ii. রং ও আকর্ষণীয়তা
iii. সর্বনিম্নমূল্য
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৬. বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ প্রতিষ্ঠার লক্ষ্য ছিল কোনটি?**
ক) মুনাফা অর্জন
খ) শিল্পোন্নয়নে স্বয়ংসম্পূর্ণতা
গ) আন্তর্জাতিক সম্পর্ক বৃদ্ধি
ঘ) বাণিজ্যিক লাভ লোকসান যাচাই

**৭. রাজনৈতিক পরিবেশের উপাদান বহির্ভূত কোনটি?**
ক) সরকার ব্যবস্থা
খ) সার্বভৌমত্ব
গ) আইনশৃঙ্খলা পরিস্থিতি
ঘ) ঋণ ব্যবস্থা

**৮. সমাজের ধনীশ্রেণি ও দরিদ্রশ্রেণির মধ্যকার ধনবৈষম্য হ্রাসে কোন ধরনের ব্যবসায়ের উদ্ভব হয়?**
ক) অংশীদারি খ) যৌথমূলধনী
গ) সমবায় ঘ) রাষ্ট্রীয়

**৯. ব্যবসায়ী বা বণিকরা পণ্যদ্রব্য ক্রয় করেন কেন?**
ক) ভোগের উদ্দেশ্যে
খ) উৎপাদনের উদ্দেশ্যে
গ) পুনঃবিক্রয়ের উদ্দেশ্যে
ঘ) উপযোগ সৃষ্টির উদ্দেশ্যে

**১০. সাধারণত খুচরা ব্যবসায় পরিচালিত হয় কোনটির মাধ্যমে?**
ক) একমালিকানায় খ) সমবায়
গ) অংশীদারিত্বে ঘ) যৌথমালিকানায়

**উদ্দীপকটি পড়ো এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও।**
রনি ও তানিম টেক্সটাইলের পোশাক শিল্পের ওপর ডিগ্রি নিয়েছে। তারা বিভিন্ন পোশাক কারখানায় প্রশিক্ষণও নিয়েছে। তাদের দু'জনেরই ইচ্ছা তারা একটি পোশাক কারখানার উচ্চতর পদে গুরুত্বপূর্ণ কর্মকর্তা হিসেবে অংশ গ্রহণ করবে।

**১১. রনি ও তানিমের স্বপ্ন পূরণের লক্ষ্যে কোন পেশাটি উপযোগী?**
ক) মার্চেন্টডাইজিং খ) সুপারভাইজিং
গ) হেলপিং ঘ) ক্যাটালগিং

**১২. রনি ও তানিম পছন্দের পেশাটি পেলে যে সব সুবিধা ভোগ করবে সেগুলো হলো—**
i. আকর্ষণীয় বেতন
ii. যেকোনো মুহূর্তে ছুটি নিতে পারবে
iii. দ্রুত পদোন্নতির সুযোগ পাবে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৩. পরিমেল নিয়মাবলির অপর নাম কী?**
ক) নিবন্ধন পত্র খ) সংঘস্মারক
গ) সংঘবিধি ঘ) সনদপত্র

**১৪. পেটেন্ট প্রদানের কোনো অভিযোগ থাকলে বিজ্ঞাপন প্রকাশের কত দিনের মধ্যে যোগাযোগ করতে হবে?**
ক) ১৫০ দিন খ) ১৪০ দিন
গ) ১৩০ দিন ঘ) ১২০ দিন

**১৫. সীমাবদ্ধ দায়সম্পন্ন কোম্পানি হলো—**
i. সংঘবিধিবদ্ধ কোম্পানি
ii. শেয়ার দ্বারা সীমিত কোম্পানি
iii. প্রতিশ্রুতির দ্বারা সীমিত কোম্পানি
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৬. কখনো কখনো ই-বিজনেস হতে পারে—**
i. অফিসবিহীন ব্যবসায়
ii. মুনাফাবিহীন ব্যবসায়
iii. দোকানবিহীন ব্যবসায়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

Teachingbd.com

http://teachingbd.com

**উদ্দীপকটি পড়ো এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও।**

খালেক সাহেব নিজেদের উৎপাদিত শাকসবজি বাজারজাতকরণের লক্ষ্যে রূপগঞ্জ এলাকার ২৫ জন সমমনা চাষিকে নিয়ে একটি সংগঠন গড়ে তোলেন। তারা নিজেরাই শাকসবজি ঢাকাসহ বিভিন্ন এলাকায় বাজারজাতকরণ করে মুনাফা অর্জন করেন, মুনাফার ১৫% সঞ্চয় তহবিলে জমা রেখে বাকি মুনাফা তারা সমভাবে বন্টন করে নেয়।

**১৭. খালেক সাহেবের ব্যবসায়টি কোন প্রকৃতির?**

ⓚ অংশীদারি ⓚ যৌথমূলধনী

ⓖ সমবায় সংগঠন ⓖ একমালিকানা

**১৮. খালেক সাহেবদের ব্যবসায় প্রচুর মুনাফা হওয়ার কারণ হচ্ছে—**

i. স্থানীয়ভাবে পণ্য উৎপাদন

ii. মধ্যস্বত্বভোগী না থাকা

iii. সমভাবে মুনাফা বণ্টন

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii

গ ii ও iii ঘ i, ii ও iii

**১৯. কোন প্রকার কোম্পানির নামের শেষে লিমিটেড উহ্য থাকে?**

ক অসীম দায় সম্পন্ন কোম্পানি

খ সসীম দায় সম্পন্ন কোম্পানি

গ বেসরকারি কোম্পানি

ঘ স্বায়ত্তশাষিত কোম্পানি

**২০. সমবায় সমিতি কৃত্রিম সত্তা হওয়ায় সকল কাজের বৈধতার জন্য কী প্রয়োজন হয়?**

ক পরিচালকদের স্বাক্ষর

খ সমবায় অফিসের সিল

গ সমিতির সিলমোহর ও নাম

ঘ সকল সদস্যদের মতামত সংবলিত স্বাক্ষর

**২১. কোনটি সমর্থনমূলক সহায়তার অন্তর্ভুক্ত?**

ক পুঁজির সংস্থান

খ পরামর্শ দান

গ ব্যবসায়ের কার্যক্রম পরিচালনা

ঘ অনুপ্রেরণামূলক প্রশিক্ষণ

**উদ্দীপকটি পড়ো এবং ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও।**

'ক' ও 'খ' এর ব্যবসায়ের আয়তন ও আকার বৃদ্ধির জন্য নতুন অংশীদার হিসেবে 'গ' যোগদান করে। তারা ব্যবসায় করার জন্য একটি চুক্তিতে আবদ্ধ হয়। এই চুক্তিই ব্যবসায়ের মূলভিত্তি। তাদের চুক্তির শর্ত তারা পরিবর্তন করতে পারবে।

**২২. 'ক' 'খ' ও 'গ' তিনজন অংশীদার হওয়ায় তাদের ব্যবসায়ের বৈশিষ্ট্য কোনটি হবে?**

ক অধিক পুঁজি সংগ্রহ

খ দক্ষ পরিচালনা

গ চূড়ান্ত সদ্বিশ্বাস

ঘ ব্যবসায়ের আয়তন বৃদ্ধি

**২৩. উক্ত ব্যবসায়ের চুক্তি পত্রের শর্ত কীভাবে পরিবর্তন করবে?**

ক সরকারের সম্মতিক্রমে

খ অংশীদারদের সম্মতিক্রমে

গ পরিচালকদের সম্মতিক্রমে

ঘ জনগণের সম্মতিক্রমে

**২৪. নারী ও উদ্যোক্তাদের সঠিক সময় কী সরবরাহ করতে হবে?**

ক মূলধন খ শ্রমিক

গ বাজার তথ্য ঘ বাজার মূল্য

**২৫. মূলধন সরবরাহ না করেও কোনো ব্যক্তি অংশীদারি ব্যবসায়ের সদস্য হতে হলে কিসের প্রয়োজন হবে?**

ক দক্ষতার খ অভিজ্ঞতার

গ সুনামের ঘ অংশীদারদের সম্মতির

**উদ্দীপকটি পড়ো এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও।**

জনাব শাহ্ আলম একজন চালের ডিলার। সে এক স্থান থেকে চাল সংগ্রহ করে পরিবহনের মাধ্যমে অন্য স্থানে সরবরাহ করে। এ ব্যবসায়ের মাধ্যমে বর্তমানে সে ব্যাপক মুনাফা অর্জন করেছে।

**২৬. শাহ্ আলমের ডিলারশিপের কাজটি কোন ধরনের প্রত্যক্ষ সেবার অন্তর্গত?**

ক পেশাগত খ পণ্য সরবরাহ সংক্রান্ত

গ বণ্টন সংক্রান্ত ঘ ব্যক্তিগত

**২৭. শাহ আলম উক্ত ব্যবসায় থেকে মুনাফা অর্জন করে কীভাবে?**

ক কোনো বস্তু বা বিষয় সম্পর্কে তথ্য দিয়ে

খ প্রয়োজনীয় অর্থ সরবরাহ করে

গ ভোক্তাদের চাহিদা নিরূপণ করে

ঘ চূড়ান্ত ক্রেতাদের কাছে পণ্য বা সেবা পৌঁছে দিয়ে

**২৮. সাপটা চুক্তি কত সালে স্বাক্ষরিত হয়?**

ক ১৯৯০ খ ১৯৯১

গ ১৯৯২ ঘ ১৯৯৫

**২৯. নিবন্ধিত প্রতীক ব্যবহারের অধিকারলঙ্ঘিত হলে কীভাবে প্রতিকার পাওয়া যায়?**

ক রেজিস্ট্রারের কাছে আবেদন করে

খ আদালতে মামলা করে

গ নিবন্ধকের কাছে বিচার চেয়ে

ঘ স্থানীয় প্রশাসনের কাছে বিচার চেয়ে

**৩০. স্মারকলিপির কোন ধারা কোম্পানির কার্যক্ষমতার সীমা নির্দেশ করে?**

ক নাম খ উদ্দেশ্য

গ অবস্থান ঘ দায়

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | গ | ৩ | ক | ৪ | খ | ৫ | ক | ৬ | খ | ৭ | ঘ | ৮ | গ | ৯ | গ | ১০ | ক | ১১ | ক | ১২ | খ | ১৩ | গ | ১৪ | ঘ | ১৫ | গ |
| ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | ক | ২০ | গ | ২১ | ক | ২২ | ক | ২৩ | খ | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | খ | ২৯ | খ | ৩০ | খ |

Teachingbd.com